NUHS National University Health System

PROJECT CLOVE
CALL TO LOVE @ NUHS
SUPPORT FOR OUR MIGRANT FRIENDS

Coronavirus Disease 2019 (COVID-19)

Frequently Asked Questions (FAQ) about COVID-19

করোনা ভাইরাস অসুখ ২০১৯ (কভিড-১৯)

কভিড-১৯ এর ব্যাপারে কিছু দরকারি প্রশ্ন ও উত্তর

(Bengali version)



1. Why am I being admitted?

১। আমাকে কেন হাসপাতালে ভর্তি করা হচ্ছে?

We suspect you have COVID-19, which can cause lung infection, or pneumonia. The most common symptoms are fever, tiredness and dry cough. Some patients also have runny nose, sore throat or diarrhoea. These symptoms are usually mild and begin gradually. Some people become infected but remain asymptomatic.

আমাদের মনে হয় আপনার কভিড-১৯ হয়েছে। এই অসুখ থেকে ফুসফুসের অসুখ, নিউমনিয়া হতে পারে। এই অসুখের কিছু লক্ষণ হল জ্বর, ক্লান্তি, শুকনো কাশি। কিছু মানুষের সর্দি , গলা ব্যথা, পেটের অসুখ ও হতে পারে। কিন্তু এই লক্ষণ গুলি বেশীর ভাগ সময়ে হাল্কা হয় এবং ধীরে ধীরে হয়। কিছু লোকের কভিড-১৯ অসুখ হয় কিন্তু তাদের কিছুই লক্ষণ ধরা পড়ে না।

2. How is the virus transmitted and why do I need to be isolated in this room?

২। এই ভাইরাস টা কি করে ছড়ায় এবং আমাকে কেন আলাদা ঘরে থাকতে হবে?

This virus can spread from person to person through small droplets from the nose or mouth when a person with COVID-19 speaks, coughs or sneezes. You are admitted to an Isolation Room to minimize potential transmission to others.

যদি কারুর কভিড-১৯ হয়, তাহলে তার কথার সঙ্গে, হাঁচির সঙ্গে, কাশির সঙ্গে, মুখ থেকে আর নাক থেকে ছোট ছোট জল কণা হাওয়ায়ে ছড়ায়। আপনাকে আলাদা ঘরে রাখলে এই অসুখ অন্যদের মধ্যে ছড়াতে পারবে না।

3. What is the cause of COVID-19?

৩। কভিড-১৯ হবার কারণ কি?

The cause of COVID-19 is a virus, called SARS-CoV-2.

কভিড-১৯ একটা ভাইরাসের জন্যে হয়। সেই ভাইরাসের নাম SARS-CoV-2।

4. How is COVID-19 diagnosed?

৪। কভিড-১৯ কি করে ধরা পড়ে?

Respiratory samples from patients who are suspected of having this pneumonia (either a swab from patient's nose and throat, or a phlegm sample) will be taken and sent to the lab to confirm the diagnosis.

যাদের নিউমনিয়া হয়, তাদের হয় নাক থেকে, অথবা গলা থেকে, অথবা সর্দী থেকে নমুনা নিয়ে পরীক্ষা করে দেখা হয় অসুখ হয়েছে কিনা।

5. What kind of investigations will I need?

৫। আমার কি কি পরীক্ষা করার দরকার?

Investigations e.g. blood tests, chest radiographs (X-rays) may be required depending on your clinical condition and progress.

আপনার শরীরের অবস্থ্যা এবং প্রয়োজন মত অন্যান্য পরীক্ষা , যেমন রক্ত পরীক্ষা, এক্সরে করার প্রয়োজন হতে পারে।

6. Is there any treatment for COVID-19?

৬। কভিড-১৯ এর কি কোন চিকিৎসা আছে?

Most patients will have mild symptoms, and do not need specific treatment. If you have symptoms like cough, fever, runny nose or sore throat, we will give you medications to help with those symptoms.

If you develop more severe symptoms like shortness of breath, please inform the nurse or doctor immediately.

বেশীর ভাগ লোকের অত্যন্ত হাল্কা লক্ষণ হয় এবং তাদের কোন বিশেষ চিকিৎসার দরকার হয় না।

আপনার যদি কাশি, জ্বর, সর্দী বা গলা ব্যথা হয়, তবে আমরা আপনাকে তার জন্যে ওষুধ দেব।

যদি আপনার আরও বেশী তীব্র লক্ষণ যেমন শ্বাস কষ্ট দেখা দেয়, দয়া করে সঙ্গে সঙ্গে নার্স বা ডাক্তার কে খবর দেবেন।

7. Will I die from COVID-19?
৭। আমি কি কভিড-১৯ এর থেকে মরে যেতে পারি?

It is normal to worry about how COVID-19 might affect you or your loved ones. In 80% of cases, infections from COVID-19 are usually mild and do not even need any treatment. There is a chance of becoming more ill, which happens more commonly in the elderly population or in those with significant pre-existing medical conditions. Only 5% of patients will require ICU care including breathing support or medications to support their blood pressure.
আপনার এই ব্যাপারে চিন্তা হওয়া টা স্বাভাবিক । ৮০% সময়ে কভিড-১৯ অসুখ অত্যন্ত হাল্কা হয় এবং এর জন্যে কোন চিকিৎসার প্রয়োজন হয় না। যারা বয়স্ক অথবা যাদের আরও অন্য কোন কঠিন অসুখ আছে, তাদের বেশি অসুস্থ হবার সম্ভাবনা আছে। মাত্র ৫% লোকদের নিশ্বাস নেবার জন্যে ICU এ থাকার প্রয়োজন হতে পারে অথবা রক্তচাপ ঠিক রাখার জন্যে ওষুধ প্রয়োজন হতে পারে।

8. How long will I be admitted? When can I be discharged?

৮। আমাকে কত দিন হাসপাতালে থাকতে হবে? কবে ছাড়া পাবো?

You will be discharged after your tests for COVID-19 are no longer positive. This usually takes about 2-3 weeks. You will need to have 2 tests negative (which are taken 24 hours apart) before you can be discharged.

পরীক্ষা করে যখন দেখা যাবে আপনার শরীরে কভিড-১৯ ভাইরাস আর নেই (নেগেটিভ ফল), তখন আপনাকে ছাড়া হবে। সাধারণত এটা হতে ২-৩ সপ্তাহ লাগে। আপনার ২৪ ঘণ্টা তে পর পর দুটো পরীক্ষার ফল নেগেটিভ হলে তবেই আপনাকে ছাড়া হবে।

9. Will I need to stay here in this hospital for the entire time?

৯। আমাকে কি সারা সময়ই হাসপাতালে থাকতে হবে?

No, if you are well and are just waiting for your tests to become negative, you will be transferred to a community isolation facility to rest and recover. At this facility, you will be tested, and once you have 2 tests negative, you will be discharged.

না। আপনি যখন পরীক্ষার ফল নেগেটিভ হবার জন্যে অপেক্ষা করবেন, তখন আপনাকে সাম্প্রদায়িক পৃথকীকরণ স্থানে বিশ্রাম নেবার জন্যে এবং সুস্থ হয়ে ওঠার জন্যে রাখা হবে। সেখানে আপনার ২৪ ঘণ্টা তে পর পর দুটো পরীক্ষার ফল ভাল হলেই আপনাকে ছেড়ে দেওয়া হবে।

10. How much do I have to pay for my treatment?
১০। আমাকে এই চিকিৎসার জন্যে কত খরচ করতে হবে?

As of Singapore Government's announcement on 7 March 2020, if you are a Singapore Citizen, Singapore resident OR a long term pass holder, your hospital bill will be covered by the Government. This does not apply if you have left Singapore after 27 March 2020 and you are admitted as a suspected COVID-19 case within 14 days of returning.
সিঙ্গাপুর সরকারের ৭ মার্চের (২০২০) ঘোষণা অনুযায়ী আপনি যদি সিঙ্গাপুরের নাগরিক, অথবা অধিবাসী হন, অথবা আপনার দীর্ঘ মেয়াদী পাস থাকে, তাহলে আপনার হাসপাতালের খরচ সরকার দেবে। কিন্তু, আপনি যদি ২৭ মার্চ ২০২০ এর পরে সিঙ্গাপুর ছেড়ে থাকেন, এবং তার পরে ফেরার ১৪ দিনের মধ্যে আপনি হাসপাতালে ভর্তি হন, তাহলে এই নিয়ম চলবে না।

11. I am worried about missing so much work. Will my boss fire me?
১১। আমার চিন্তা হচ্ছে আমি এতদিন কাজ করছি না। আমার চাকরী চলে যাবে না তো?

Your employer is legally mandated to allow your quarantine/treatment. Your employer is also legally bound to continue to pay your salaries even if you are not allowed to leave your dormitory (e.g. during the Circuit Breaker period). If your employer does not pay your salary within 7 days of the end of the salary period, he can be prosecuted by the Singapore Government.

আইনত আপনার কর্ম নিয়োগকর্তা (যার কাছে আপনি কাজ করেন, আপনার মনিব) আপনার আলাদা থাকার এবং চিকিৎসার অনুমতি দিতে বাধ্য। আইন মতে, আপনি যত দিন ছাড়া না পাবেন অথবা ডরমেট্রির বাইরে যেতে না পারবেন (সারক্রিট ব্রেকার এর সময়) ততদিন আপনার মনিব আপনার মাহিনা দিতে বাধ্য। যদি আপনার মনিব মাহিনা দেবার সময়ের ৭ দিনের মধ্যে আপনাকে মাহিনা না দেন, তবে সিঙ্গাপুর সরকার তাকে আদালতে অভিযুক্ত করবে।

You can contact Healthserve (+65 3138 4443; call or Whatsapp) if you experience any difficulties with your employment situation.

আপনার কাজ সম্পর্কে কিছু অসুবিধা হলে আপনি **Healthserve (+65 3138 4443; কল অথবা Whatsapp)** এ ফোন করতে পারেন।

FAQ for Transfer to Community Isolation Facility (CIF)
সাম্প্রদায়িক পৃথকীকরণ স্থানে (CIF) স্থানান্তরের ব্যপারে কিছু দরকারি প্রশ্ন ও উত্তর

1. When will I be transferred?
১। আমাকে কবে নিয়ে যাওয়া হবে?

If you are well, you may be transferred within a few hours of your admission to CIF. This may also take up to a few days (depending on CIF availability).

আপনি যদি ভাল থাকেন, আপনি ওই জায়গায়ে (CIF) ভর্তি হবার কয়েক ঘণ্টার মধ্যেই আপনাকে নিয়ে যাওয়া হবে। অবশ্য সেখানে জায়গা না থাকলে হয়ত দু এক দিন দেরি ও হতে পারে।

2.How is monitoring done at the CIF?
২। এই পৃথক থাকার জায়গাতে কি ভাবে আমাকে মনিটর করা হবে?

A quarantine agent (QOA) will be calling you 3 times/day to check on (i) your temperature (ii) your symptoms -> please report any new or worsening symptoms to them, and they will be able to contact the hospital for further advice
Please contact the CIF staff at any other time you are in discomfort and need medical assistance.

কয়ারেন্তিন অফিসার (QOA) আপনাকে দিনে ৩ বার টেলিফোন করবেন আপনার টেম্পারেচার জানার জন্যে, আপনার শরীর কেমন আছে আর কোন লক্ষণ আছে কিনা জানার জন্যে ->আপনার শরীরে নতুন কিছু হলে কিংবা কোন লক্ষণ খারাপের দিকে গেলে তাদের বলতে হবে। তারা ই ডাক্তার কে খবর দেবে।

যদি আপনার শরীরে কোন কষ্ট হয় তাহলে আপনি যে কোন সময়ে এই অফিসারকে যোগাযোগ করতে পারেন।

3. What if I need Panadol or Over-The-Counter medications that were not prescribed upon my discharge?
৩। আমার যদি Panadol বা অন্য কোন ওষুধ যা আমাকে খেতে দেওয়া হয় নি তা কিনতে হয় তাহলে কি হবে?

The CIF will be able to assist you with the purchase from an external retail pharmacy, however the purchase is paid for by yourself.

কয়ারেন্তিন সেন্টার বাইরের দোকান থেকে আপনাকে কিনতে সাহায্য করবে কিন্তু আপনাকে তার দাম দিতে হবে।

Feeling lonely and stressed?
আপনার কি অত্যন্ত একা লাগছে অথবা চিন্তিত লাগছে?
Check out some of the resources below:
নীচে দেওয়া কিছু প্রয়োজনীয় তথ্য আপনার হয়ত কাজে লাগতে পারে। সেগুলো দেখে নিন।

HealthServe Solidarity Wall: To read or post messages of support
হেলথ সারভ সংহতি স্থানঃ আপনি যদি সহায়তা মূলক কিছু পড়তে বা লিখতে চানঃ

HealthServe Virtual Counselling Clinic:
Call/Whatsapp +65 3138 4443 to talk to a counsellor in your own language.

হেলথ সারভ ভারচুয়াল কাউন্সেলিং ক্লিনিকঃ আপনার নিজের ভাষায় কারুর সঙ্গে কথা বলার জন্যে এই নম্বরে কল অথবা Whatsapp করুনঃ +65 3138 4443

Videos about coping with stress during this time:
দুশ্চিন্তা থেকে মুক্ত হবার ব্যাপারে কিছু ভিডিওঃ

Learn a new skill or do some activities:
কিছু নতুন দক্ষতা অথবা কিছু কাজ শেখার জন্যেঃ

More resources can be found on our website:

আরও অন্যান্য তথ্য আমাদের ওয়েবসাইটে পাওয়া যাবে

This material is prepared as part of the Project CLOVE (Call to Love) initiative, which is led by a group of NUHS doctors caring for COVID-19 patients.

Adapted from National Centre for Infectious Diseases (NCID) and https://sudesnaroychowdhury.wixsite.com/covid/ with permission.